

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৬০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাতে সাহারীর আযান শুনবে তার প্রতি নির্দেশ হলো সাহারী খাওয়া

ذِكْرُ الْأَمْرِ بِأَكْلِ السَّحُورِ لِمَنْ يَسْمَعُ الْأَذَانَ لِلصُّبْحِ بِاللَّيلِ

আরবী

3460 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنْ أَبْنِ شَهَابٍ عَنْ سَالِمٍ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنْ بِلَالًا يُنَادِي بِلَيْلٍ فَكُلُّوا وَاشْرِبُوا حَتَّى يُنَادِي أَبْنُ أُمِّ مَكْتُومٍ) قَالَ أَبْنُ شَهَابٍ: وَكَانَ أَبْنُ أُمِّ مَكْتُومٍ رَجُلًا أَعْمَى لَا يُنَادِي حَتَّى يُقَالَ لَهُ: قَدْ أَصْبَحْتَ قَدْ أَصْبَحْتَ

الراوي : أَبْنُ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3460 | خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (1).  
(235/219)

أَلَّا أَبُو حَاتِمٍ: لَمْ يَرُو هَذَا الْحَدِيثَ مَسْنَدًا عَنْ مَالِكٍ إِلَّا الْقَعْنَبِيُّ وَجَوِيرَةُ بْنُ أَسْمَاءِ وَقَالَ أَصْحَابُ مَالِكٍ كُلُّهُمْ: عَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ .....  
.....

বাংলা

৩৪৬০. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিশ্চয়ই বিলাল রাদিয়াল্লাহু আনহু রাতে আযান দেয়। কাজেই ইবনু উম্মু মাকতূম আযান না দেওয়া পর্যন্ত তোমরা পানাহার করবে।”

ইবনু শিহাব যুহরী রহিমাল্লাহ বলেছেন, “ইবনু উম্মু মাকতূম অন্ধ ছিলেন। তিনি ততক্ষন পর্যন্ত আযান দিতেন না, যতক্ষন না তাকে বলা হতো- “ভোর হয়েছে। ভোর হয়েছে।”[1]

আবু হাতিম ইবনু হিবান রহিমাল্লাহ বলেন, “ইমাম মালিক রহিমাল্লাহ থেকে মুতাসিল সূত্রে এই হাদীসটি

কানাবী ও জুওয়াইরা বিন আসমা ছাড়া আর কেউ বর্ণনা করেননি। এছাড়া ইমাম মালিক রহিমাহল্লাহর অন্যান্য সকল ছাত্র ইমাম যুহরী থেকে, তিনি সালিম থেকে আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন।”

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ২০৫; সহীভুল বুখারী: ৬১৭; তাহাবী: ১/১৩৭; সুনান বাইহাকী: ১/৩৮০; বাগাবী: ৪৩৩; ইমাম শাফেয়ে: ২/২৭৫; আত তায়ালিসী: ১৮১৯; মুসাম্মাফ ইবনু আবী শায়বাহ: ৩/৯; মুসনাদ আহমাদ: ২/৯; দারেমী: ১/২৬৯; সহীহ মুসলিম: ১০৯২; সহীহ ইবনু খুয়াইমাহ: ৪০১; তাবারানী: ১৩১০৬; সুনান বাইহাকী: ১/৩৮২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুল্লাহ আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/২৩৫/২১৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92794>

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন